**প্রসার ভারতী**
**(ব্রডকাস্টিং কর্পোরেশন অফ ইন্ডিয়া)**
**আকাশবাণী আগরতলা**
**সংবাদ বিভাগ**

বার্তা সম্পাদক – কুনাল সিন্ধে

সংবাদ পাঠক  পাঠিকা /-

তারিখ – ০৮-১০-২০২৩

সময় – সন্ধ্যা ৭টা ৫৫ মিঃ।

আকাশবাণী আগরতলা স্থানীয় সংবাদ পড়ছি –

**<u>এখনকার বিশেষ বিশেষ খবর হলো</u>**

**১।  মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানে উশৃঙ্খলতা সরকার বরদাস্ত করবে না।**

**২।  তিনদিন ব্যাপী নীরমহল জল উৎসব ২০২৩-এর সমাপ্তি।**

**৩। আজ আসামে ১১৮১ জন আত্মসমর্পণকারী সন্ত্রাসবাদীকে ৪৭ কোটি টাকার চেক প্রদান করা হয়েছে।**

**৪। কেন্দ্রীয় সরকারের আন্ত-মন্ত্রক কমিটি আজ থেকে সিকিমে বন্যা পরিস্থিতি যাচাই করতে শুরু করেছে।**

**৫। জোলাইবাড়িতে আয়োজিত শ্যামাপ্রসাদ স্মৃতি নক আউট ফুটবল টুর্নামেন্টের ফাইনালে উঠল লক্ষীছড়া ফুটবল একাদশ।**

####################################

**CM-Education**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানে উশৃঙ্খলতা সরকার বরদাস্ত করবে না। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলি হচ্ছে  পবিত্র স্থান। এখানে ছেলেমেয়েদের প্রকৃত মানুষ হিসেবে গড়ে তোলার শিক্ষা দেওয়া হয়। এক্ষেত্রে শিক্ষক শিক্ষিকাদের গুরু দায়িত্ব পালন করতে হবে। আজ ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে মহারাজা বীরবিক্রম অডিটরিয়ামে ত্রিপুরা রাজ্য, মহাবিদ্যালয় শৈক্ষিক সংঘের বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সুদৃঢ় প্রচেষ্টার ফলে শিক্ষাক্ষেত্র সহ প্রতিটি ক্ষেত্রেই দেশ আজ এগিয়ে চলছে। কেন্দ্রীয় সরকারের দিশায় রাজ্য সরকারও গুণগত শিক্ষার সম্প্রসারণে গুরুত্ব দিয়ে কাজ করছে বলে মুখ্যমন্ত্রী জানান। অনুষ্ঠানে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ গঙ্গাপ্রসাদ প্রসেইন, ত্রিপুরা রাজ্য মহাবিদ্যালয় শৈক্ষিক সংঘের সাধারণ সম্পাদক তীর্থরাম রিয়াং, অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক সংঘের আয়োজক সম্পাদক মহেন্দ্র কাপুর প্রমুখ বক্তব্য রাখেন।

####

**Koushalya Mela**

রাজ্যের শ্রমমন্ত্রী টিংকু রায় বলেছেন,রাজ্যের আর্থ-সামাজিক মান উন্নয়নে স্ব-সহায়ক দলগুলোর ভূমিকা রয়েছে। সঠিক পরিকল্পনা নিয়ে স্ব-সহায়ক দলগুলোকে কাজ করতে হবে,যাতে করে অর্থনৈতিক বিকাশ সাধিত হয়।

আজ কৈলাশহরে গৌরনগর ব্লক ভিত্তিক কৌশল মেলা'র উদ্বোধন করে তিনি ভাষন দিচ্ছিলেন। ভারত সরকারের দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল্য যোজনা'র অধীনে এই মেলার আয়োজন।

মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি শ্যামল দাশ, গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নারান সিংহ প্রমুখ। S.H.G'র সদস্যারা তাদের উৎপাদিত নানা সামগ্রী নিয়ে মেলাতে আসেন। মেলায় খোলা হয় বিপনণ ও প্রদর্শনী স্টলও।

####

**Lok adalat**

বিশেষ লোক আদালতে আজ রাজ্যের সবকটি জেলা এবং মহকুমা আদালতে নিষ্পত্তির জন্য ২২ হাজার ৮৮৯টি মামলা শুনানির জন্য উঠে। রাজ্য আইনসভা কর্তৃপক্ষের সদস্য সচিব সব্যসাচী দত্ত পুরকায়স্থ সাংবাদিক সম্মেলনে জানান, লোক আদালতের বেঞ্চ থেকে রিপোর্ট আসেনি। সর্বশেষ পাওয়া খবরে জানা যায় ৩০৮২টি মামলার নিষ্পত্তি হয়েছে৷ এদিকে লোক আদালতের কাজ দেখতে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং উদয়পুর আদালতে গেছেন।

####

**CM Melaghar**

নৌকা বাইচ প্রতিযোগিতা, দূরপাল্লার সাঁতার প্রতিযোগিতা ও পুরুস্কার বিতরণীর মধ্যে দিয়ে আজ শেষ হয়েছে ৩ দিন ব্যাপী নীরমহল জল উৎসব ২০২৩। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক

সাহা আজ বিকেলে বিভিন্ন বিভাগের নৌকা বাইচ প্রতিযোগিতার সূচনা করেন। সন্ধ্যায় হয় সমাপ্তি অনুষ্ঠান। অনুষ্ঠানে ভাষণ রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরার কৃষ্টি সংস্কৃতি অনেক উন্নত। তাকে বাঁচিয়ে রাখতে হবে। নৌকা বাইচ প্রতিযোগিতায় মহিলাদের অংশগ্রহণে মুখ্যমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। আজকের এই অনুষ্ঠানে প্রচুর মানুষের সমাগম ঘটে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিধায়ক কিশোর বর্মন ও তফাজ্জল হোসেন, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন।

####

**Dead in accident**

গোমতী জেলার বাগমায় আজ এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় সুনীল চন্দ্র পাল নামে এক ব্যক্তির মৃত্যু হয়। স্কুটি করে যাওয়ার সময় গাড়ির ধাক্কায় তার এই মৃত্যু বলে প্রত্যক্ষদর্শীরা বাগমা থানায় জানিয়েছে। উল্লেখ্য ৬৫ বছরের অবসরপ্রাপ্ত সুনীল পাল সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরে সিডিপিও পদে দীর্ঘদিন চাকরি করেছেন।

####

**Animesh Debbarma**

রাজ্যের বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মা আজ এক সাংবাদিক সম্মেলনে দাবি করে বলেছেন, আধার কার্ড ও পেন কার্ডের লিঙ্ক এর জন্য মাথাপিছু যে ১০০০ টাকা করে নেওয়া হয় তা যেন কমিয়ে ২০ টাকা বা ৫০ টাকা করা হয়। বিষয়টি কেন্দ্রীয় সরকারের নজরে আনার জন্য রাজ্য সরকারের প্রতি দাবি করেন

তিনি। তিনি বলেন, শীর্ষ আদালতের নির্দেশ রয়েছে জীবনের সর্বক্ষেত্রে আধার কার্ড বাধ্যতামূলক নয়।

রাজ্যে বিদ্যুৎ মাশুল বৃদ্ধিরও সমালোচনা করেন বিরোধী দলনেতা।

####

**Dipak majumder**

মেয়র দীপক মজুমদার আজ আগরতলা পুর নিগমের ১৬ নং ওয়ার্ড পরিদর্শন করেন। তিনি ওই এলাকার রাস্তাঘাট, ড্রেন ও বিভিন্ন বিষয়ে অবহিত হন। তিনি জানান, এই ওয়ার্ডে একটি স্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার জন্য জমির ব্যবস্থা করা হয়েছে এবং এই কেন্দ্র গড়ে তোলার আশ্বাস দেন মেয়র দীপক মজুমদার।

####

**Manik Sarkar**

সারা ভারত আইনজীবী ইউনিয়নের ১৬তম রাজ্য সম্মেলন আজ অনুষ্ঠিত হয় আগরতলা টাউন হল। প্রধান বক্তার ভাষণে সিপিএম পলিটবুরো সদস্য মানিক সরকার অভিযোগ করে বলেন দেশে সংসদীয় গণতন্ত্র ব্যবস্থা আক্রান্ত। তিনি দ্রব্যমূল্য বৃদ্ধি, বেকারদের কর্মসংস্থান ও কৃষির সমস্যা নিয়ে কেন্দ্র ও রাজ্য সরকারের সমালোচনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগঠনের সর্বভারতীয় সম্পাদক পিভি সুরেন্দ্রনাথ। উপস্থিত ছিলেন সংগঠনের উত্তর-পূর্বাঞ্চলীয় নেতৃত্ব।

####

**Blood Donation**

জোলাইবাড়ি ব্লকের কোয়াইফাং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আজ প্রগতি ফার্মাস ক্লাবের উদ্যোগে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ১৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন। রক্তদাতাদের উৎসাহিত করতে শিবিরে উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ, সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া প্রমুখ। কৃষিমন্ত্রী সাংবাদিকদের জানান, চলতি অর্থবর্ষে এখন পর্যন্ত ১৮ হাজার রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেছেন।

####

**Assam**

আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা আজ ১,১৮১ জন পূর্বতম জনজাতি সন্ত্রাসবাদী প্রত্যেককে চার লক্ষ টাকা করে প্রদান করেছেন। তারা পাঁচটি সন্ত্রাসবাদী সংগঠনের সাথে যুক্ত ছিলেন। গত জুলাই মাসে তারা আত্মসমর্পণ করেছিলেন। মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা তাদের হাতে চেক তুলে দেন। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন গত বছর পাঁচটি সন্ত্রাসবাদী সংগঠন কেন্দ্র ও রাজ্য সরকারের সাথে ত্রিপাক্ষিয় চুক্তি স্বাক্ষর করেছিলো। আজ মোট ৪৭ কোটি টাকার চেক প্রদান করেন আসামের মুখ্যমন্ত্রী।

আসামের মুখ্যমন্ত্রী জানান, ২০২১ সালের মে মাস থেকে মোট ৭২২৯ জন সন্ত্রাসবাদী আত্মসমর্পণ করেছে। তাদের পুনর্বাসনের জন্য সরকার মোট ৩০৫ কোটি টাকা ব্যয় করবে।

####

**Sushanta choudhury**

আসন্ন দুর্গাপূজা উপলক্ষে মজলিশপুর বিধানসভা কেন্দ্রের মুকুট হলে এলাকার মা বোনদের হাতে বস্ত্র তুলে দেন পরিবহন মন্ত্রী

সুশান্ত চৌধুরি। আজ নলগড়িয়া এলাকার ৩৪০ জনের মধ্যে বস্ত্র প্রদান করা হয়। অনুষ্ঠানে রানিরবাজার পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, জিরানিয়া নগর পঞ্চায়েতের চেয়ারম্যান রতন দাস সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

####

**Workshop**

আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্পর্কে সাংবাদিকদের অবগত করার লক্ষে আগামী ২৬ ও ২৭ অক্টোবর আগরতলা প্রেসক্লাবে দু'দিনের কর্মশালা অনুষ্ঠিত হবে। কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক তথা আন্তর্জাতিক মাল্টিমিডিয়া ট্রেইনার রাজীব নন্দী। এছাড়া সহায়ক ট্রেইনার হিসেবে থাকবেন মোঃ মাসুদ ও এমাদুল হাসান।

####

**Agartala Deoghar Express**

গুয়াহাটিতে আজ আগরতলা দেওঘর এক্সপ্রেসে রুটিন তল্লাশির সময় ১৩ কিলোগ্রাম ওজনের সোনার বিস্কুট উদ্ধার করা হয়েছে। অমরনাথ অশোক সাউন্ত নামে এক ব্যক্তিকে আটক করা হয়েছে। আটককৃত সোনার বাজার মূল্য এক কোটি টাকার উপর হবে বলে ধারণা করা হচ্ছে।

####

**Sikim**

সিকিমে সাম্প্রতিক বাঁধভাঙ্গা বন্যায় মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৩০শে। এর মধ্যে ৯ জন সেনা কর্মী। সিকিমের রাজ্য বিপর্যয় মোকাবেলা কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে এখনো পর্যন্ত ৮১ জন নিখোঁজ। মোট ১,৩২০টি বাড়ি ক্ষতিগ্রস্ত। ২,৫৬৩ জনকে উদ্ধার করা হয়েছে। ৩০টি ত্রাণ শিবিরে প্রায় ৭০২৫ জন আশ্রয় নিয়েছেন। এই বন্যায় ১৩টি সেতু ধ্বংস হয়েছে বলে জানা গেছে। সিকিমের অবস্থা যাচাইয়ের জন্য কেন্দ্রীয় সরকার পাঁচটি মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে আন্ত-মন্ত্রক কমিটি গঠন করেছে। এই কমিটি আজ থেকে কাজ শুরু করেছে। তারা সিকিমের বর্তমান অবস্থা, ক্ষতি নিরূপণ, সাহায্যের পরিমান যাচাই করবে।

####

**Wildlife week**

বিশ্ব বন্যপ্রানী সপ্তাহ উপলক্ষে আজ তৃষ্ণা অভয়ারণ্য এলাকার প্রজাপতি পার্কে শিশুদের নিয়ে অংকন প্রতিযোগিতা ও স্কুলস্তরের ছাত্র - ছাত্রীদের মধ্যে বন্যপ্রানী সংরক্ষণ বিষয়ক ক্যুইজ ও বির্তক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতামূলক এই অনুষ্ঠান পরিচালনা করেন তৃষ্ণার বন্য প্রাণী সংরক্ষক বিমল দাস সহ বন দপ্তরের কর্মীরা।

####

**Indian Air Force**

ভারতীয় বিমান বাহিনী আজ ৯১তম বার্ষিকী উদযাপন করছে। এই উপলক্ষে উত্তরপ্রদেশের প্রয়াগরাজের বামরৌলিতে বিমান বাহিনীর কেন্দ্রে আনুষ্ঠানিক প্যারেড অনুষ্ঠিত হয়। প্যারেড পরিদর্শন করেন বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল ভি আর চৌধুরি সহ

অন্যান্য আধিকারিকরা। প্রথমবারের মতো আজ এক মহিলা অফিসার গ্রুপ ক্যাপ্টেন সালিজা ধামি এই প্যারেড পরিচালনা করেন। নবনিযুক্ত অগ্নিবীর বায়ু মহিলারা প্রথমবারের মতো অংশ নেয়। অনুষ্ঠানে এয়ার চিফ মার্শাল ভারতীয় বিমান বাহিনীর নতুন পতাকার সূচনা করেন এবং পুরনো পতাকাকে সম্মান জানিয়ে এয়ার চিফ মার্শালের হাতে তুলে দেয়া হয়। এখন থেকে পুরানো পতাকাটি বিমান বাহিনীর মিউজিয়ামে প্রদর্শিত হবে।

####

**Blood donation-SBI**

স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে আজ আগরতলা স্টুডেন্ট স হেলথ হোমে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। ৩২ জন রক্তদাতা এই শিবিরে রক্তদান করে বলে জানান সংগঠনের কেন্দ্রীয় সদস্য সঞ্জয় দত্ত।

####

**CPI(M) SC Khet Majur**

দেশে তপশিলি জাতিভুক্ত সম্প্রদায় আর্থিক, সামাজিক, শিক্ষাগতভাবে বঞ্চনার শিকার হচ্ছেন বলে অভিযোগ করেছেন সি পি আই (এম) নেতা ও তপশিলি জাতি সমন্বয় সমিতির রাজ্য শাখার সাধারণ সম্পাদক সুধন দাস। আজ আগরতলায় তপশিলি জাতি সমন্বয় সমিতি, ক্ষেত মজুর ইউনিয়নের যৌথ উদ্যোগে এক আলোচনা সভায় তিনি এই অভিযোগ করেন। আলোচনা চক্রে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, প্রাক্তন মন্ত্রী ভানুলাল সাহা, রতন ভৌমিক, আইনজীবী পুরষোত্তম রায় বর্মন প্রমুখ।

####

**Rally**

আশা কর্মী, অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকাদের বেতন ভাতা বৃদ্ধি, পেনসন চালু সহ বিভিন্ন দাবিতে আজ আগরতলা শহরে এক রেলি অনুষ্ঠিত হয়। ভারতীয় মজদুর সংঘ ত্রিপুরা প্রদেশের উদ্যোগে আয়োজিত এই রেলিটি রবীন্দ্র ভবন প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। রেলিতে উপস্থিত ছিলেন সংগঠনের সর্বভারতীয় ডেপুটি জেনারেল সেক্রেটারি সুরেন্দ্র কুমার পান্ডে।

####

**Weather**

রাজ্যের কিছু কিছু অঞ্চলে আগামী ২৪ ঘণ্টায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা থাকতে পারে সর্বোচ্চ ৩১ ও সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আজ দিনের তাপমাত্রা ছিল সর্বোচ্চ ৩২ দশমিক তিন এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়নি।

####

**Jolaibari Football**

জোলাইবাড়ি ফুটবল এসোসিয়েশন আয়োজিত শ্যামাপ্রসাদ মুখার্জী স্মৃতি নকআউট ফুটবল টুর্নামেন্টের ফাইনালে উঠলো লক্ষীছড়া ফুটবল একাদশ। আজ জোলাইবাড়ি স্কুল মাঠে আসরের প্রথম সেমি ফাইনালে লাভামনি ফুটবল একাদশকে ৪-০ গোলে হারিয়ে দেয় লক্ষীছড়া ফুটবল একাদশ। বিজয়ী দলের পক্ষে পাপ্‌পুজয়, মালসারাই, বৈদ্যজয় ও লাদেন ১টি করে গোল করেন।

####

**Cricket**

অনূর্ধ্ব-১৯ বছরের মেয়েদের একদিনের ক্রিকেটের আসরে গ্রুপের প্রথম খেলায় আজ হরিয়ানার কাছে ৯ উইকেটে পরাজিত হয়েছে ত্রিপুরা। ইন্দোরের হোলকার স্টেডিয়ামে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে রাজ্যদলের মেয়েরা ৪৫ ওভার ৩ বল-এ সবকটি উইকেট হারিয়ে ৬৩ রান করে। জবাবে হরিয়ানা ১০ ওভার ২ বল-এ ১ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। আগামী ১০ অক্টোবর ত্রিপুরার দ্বিতীয় প্রতিপক্ষ নাগাল্যান্ড।

########################